সংবাদ।

তারিখ ১২।৩।৮১
পৃষ্ঠা ............ কলাম ............

008

# কাল থেকে প্রকৌশলী শিক্ষকদের কর্মবিরতি

দেশের চারটি প্রকৌশল মহাবিদ্যালয়ের প্রকৌশলী শিক্ষকবৃন্দ তাঁদের ১২ দফা দাবী আদায়ের উদ্দেশ্যে আগামীকাল সোমবার থেকে পূর্ণ কর্মবিরতি পালন করবেন। বাংলাদেশ প্রকৌশল মহাবিদ্যালয় প্রকৌশলী শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আবদুল হান্নান একথা ঘোষণা করেন।

এই দাবীগুলোর মধ্যে প্রকৌশল বিশ্ববিদ্যালয় বা সরকারী বিভাগের একই পদের বেতন স্কেলের সাথে সামঞ্জস্য বিধান করে প্রকৌশল মহাবিদ্যালয়ের প্রকৌশলী শিক্ষকদের বেতন স্কেল পুনর্বিন্যাস করা, পদোন্নতি, বিদেশে উচ্চতর প্রশিক্ষণ ও ফ্রিঞ্জ বেনিফিট সংক্রান্ত দাবী রয়েছে।

~~জনাব হান্নান গতকাল~~ শনিবার জাতীয় প্রেস ক্লাবে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের কর্মবিরতি

(১ম পাতার পর)

এক সাংবাদিক সম্মেলনে বলেন, তাদের দাবীর প্রতি সরকারের দীর্ঘদিনের অবহেলার দরুন তারা পূর্ণ কর্মবিরতি পালনের সিদ্ধান্ত গ্রহণ করতে বাধ্য হয়েছেন।

তিনি জানান, প্রকৌশলী মহাবিদ্যালয়গুলোর শিক্ষকরা অসামঞ্জস্যপূর্ণ বেতন কাঠামো ও পর্যাপ্ত সুবিধার অভাবের দরুন চাকরি ছেড়ে চলে যাচ্ছেন।

তিনি রাজশাহী, চট্টগ্রাম, খুলনা ও ঢাকার প্রকৌশল মহাবিদ্যালয়গুলো শিক্ষক স্বল্পতার কারণে যে সব সমস্যার সম্মুখীন হচ্ছে সে কথা উল্লেখ করেন। তিনি জানান, রাজশাহী চট্টগ্রাম ও খুলনা প্রকৌশল মহাবিদ্যালয় এবং ঢাকাস্থ কলেজ অব ইঞ্জিনীয়ারিং-এ সরকার অনুমোদিত প্রয়োজনীয় ৫৩, ৫২, ৬১ ও ২১টি প্রকৌশলী শিক্ষকের পদ রয়েছে। বর্তমানে এ মহাবিদ্যালয়গুলোতে চাকরিরত শিক্ষকের সংখ্যা যথাক্রমে ২১, ৫১, ১৯ ও ৪ খবর বাসস'র।